PG Odd Semester (CBCS) Exam., December—2016

BENGALI

(1st Semester)

Course No. : B–101 (C)

(বাংলা সাহিত্যের সমাজতত্ত্ব)

পূর্ণমান : ৭৫

উত্তীর্ণমান : ৩০

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। 'বাঙ্গালীর ইতিহাস (আদিপর্ব)' গ্রন্থটির রচয়িতা কে? তাঁর অন্য আর একটি গ্রন্থের নামোল্লেখ করো। বাংলা সাহিত্যের ইতিহাসের প্রচলিত যুগবিভাজন সম্পর্কে আলোচনা করো। ১+১+১৩=১৫

২। 'বাংলা সাহিত্যের ইতিকথা' গ্রন্থটি কে রচনা করেন? বাংলা সাহিত্যের আদি যুগের রচনাকৃতি বিশ্লেষণ করে প্রাচীন বাংলার সমাজ-সংস্কৃতির পরিচয় দাও। ১+১৪=১৫

খ—গুচ্ছ

৩। চৈতন্যদেবের অপর দুটি নামোল্লেখ করো। চৈতন্যদেব প্রবর্তিত বৈষ্ণব ধর্মের নাম কী? ধর্ম সংস্কারক হিসেবে বাঙালী জীবনে চৈতন্যদেবের এক বিশাল ভূমিকা রয়েছে, পর্যালোচনা করো। ২+১+১২=১৫

৪। Culture শব্দের প্রথম বিজ্ঞানসম্মত সংজ্ঞা কে প্রণয়ন করেছেন? উদাহরণসহ লোকসাহিত্যের বিভাগগুলির পরিচয় দাও। ২+১৩=১৫

গ—গুচ্ছ

৫। মঙ্গলকাব্য বলতে কী বোঝ? কোন্ সময়ে বাংলা মঙ্গলকাব্যগুলি রচিত হয়েছে? মঙ্গলকাব্যগুলিতে বাংলার সামাজিক-সাংস্কৃতিক জীবনের যে পরিচয় বিধৃত হয়েছে তা বিশদ করো। ১+১+১৩=১৫

৬। মধ্যযুগের সাহিত্যের সংক্ষিপ্ত পরিচয় দাও। ''মধ্যযুগের বাংলা সাহিত্য বিশ্লেষণ করে দেখাও যে সাধারণভাবে নারীর অবস্থান প্রতিমায়িত হলেও এরই মধ্যে তার ব্যক্তিস্বর কখনও কখনও উপস্থিত।'' উপযুক্ত দৃষ্টান্ত দিয়ে বক্তব্যটি স্পষ্ট করো। ৪+১১=১৫

ঘ—গুচ্ছ

৭। 'বাংলার নবজাগৃতি' গ্রন্থটির লেখক কে? নবজাগৃতির দুজন পুরোধা ব্যক্তিত্বের নামোল্লেখ করো। ''বাংলার নবজাগরণ মুষ্টিমেয় অংশের মধ্যে সীমাবদ্ধ ছিল, সেহেতু কার্যত ব্যর্থ।'' মন্তব্যটির গ্রহণযোগ্যতা বিচার করো। ১+২+১২=১৫

৮। জাতীয়তাবাদ বলতে কী বোঝ? উনিশ শতকের বাংলা সাহিত্যে বাঙালির স্বাদেশিকতাবোধের যে প্রতিফলন রয়েছে, সে বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ৩+১২=১৫

ঙ—গুচ্ছ

৯। কোন্ রাজনৈতিক প্রেক্ষিতে দেশবিভাগ হয়েছিল? বাংলা উপন্যাসে দেশবিভাগ ও উদ্বাস্তু সমস্যা কীভাবে, কতটা ধরা পড়েছে, আলোচনা করো। ২+১৩=১৫

১০। বিংশ শতাব্দীর সত্তরের দশকে আবির্ভূত দুজন সাহিত্যিকের নাম লেখো। সত্তর-পরবর্তী বাংলার সমাজ ও সাহিত্যের গতি-প্রকৃতি সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ২+১৩=১৫

★★★